দৈনিক
ইত্তেফাক

তারিখ 23 FEB 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

# এমপিওভুক্তির দাবিতে শিক্ষকদের আমরণ অনশন শুরু

■ ইত্তেফাক রিপোর্ট

এমপিওভুক্তির দাবিতে স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সৃষ্টপদে নিয়োগপ্রাপ্ত প্রায় ১৫ হাজার শিক্ষক গতকাল সোমবার সকাল থেকে আমরণ অনশন শুরু করেছেন। সারাদেশ থেকে ঢাকায় আগত শিক্ষকরা জাতীয় প্রেসক্লাবের সামনে এ অনশনে অংশ নেন। সংগঠনের সভাপতি প্রদীপ চন্দ্র রায় ও প্রচার সম্পাদক মো. এনামুল হক জানান, দাবি আদায় না হওয়া পর্যন্ত শিক্ষকরা এ কর্মসূচি চালিয়ে যাবেন। তারা এ বিষয়ে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেছেন।